

কবিতা



কবিঃ সাগরলীনা

email: sagarleena.c@gmail.com

ফেরা

শুকনো রোদের জ্বর, পুড়ে যাওয়া ঘাসে বোনা মন
মেঘলা দুপুরে ভাসে, SMS -এ সোঁদা আলাপন-

তোমার বিমনা মুখ জুড়ে থাকা অকারণ হাসি
ধূসরে নীলের ছোপ, দূরবীনে ছায়ার মানসী...

ভুল ভেঙ্গে গেছে কবে, কবে তুমি খুলেছ পোষাক;
কবেকার পুরানো গিটারে লেগে আছে শীতের খোরাক।

কথারা ফেরেনি আজও, এ পথে ও পথে দেখা হয়
জলের স্রোতের কাছে আমাদেরও নত হতে হয়।

ওপারে আজানি-সুর, লাল সংকেতে লকগেট
আমরা ফিরব ঘর, ফিরে পাব পোড়া ধানক্ষেত -

স্বপ্ন

তুমি যাকে স্বপ্ন বলে ভাব
সে খুব কঠিন কিছু নয়
শুধু কিছু অন্ধের ঠিকঠাক মিলে যাওয়া
বাকিটুকু আমাদের ভুল।

সকাল

স্পীড, স্পীড, স্পীড - এই সকালে ব্যস্ত কাগজ
উচ্চারণে একলা মডেল দিশাহারা
পাবলো-হাতে উচ্চশেখায় ন্যস্ত মগজ
আবছা কাঁচে একখানা মেঘ বাস্তুহারা।

লাল-কালো-লাল ধোপার হাতে যাবজ্জীবন
ভুলতে ভুলতে আর কত পথ চলব মিতা
রঙ বেরঙ্গের চিন্তা জোটা বাসন্তী-মন
মিলতে মিলতে বন্ধ্যা আলোয় অলঙ্কৃত

তুমি আছ তাই ব্যাকড্রুপে আজ রবি-ঠাকুর
সাতসকালে পাট-খুলেছে শাড়ীর ছড়া
টিভির কাঁচে উও সাতদিনের অনিল কাপুর
কফির কাপে তুফান তোলে চা-সিঙ্গাড়া

থাকা আছে ঐ না-থাকাটারই সঙ্গে মিশে
মনের ভুলে দোয়াত কলম উলটে গেছে
পাবলো হাতে, পদ্য-পাঠে ব্যস্ত মগজ
ভেঙ্কি দেখায় একখানা মেঘ বাস্তুহারা।